

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭১৪

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/৩৫. সওম দাহর (একাধারে এক যুগ) সওম করা ঐ ব্যক্তির জন্য নিষিদ্ধ, যার এর মাধ্যমে ক্ষতি হবে অথবা এর মাধ্যমে অন্যের হক নষ্ট হবে অথবা দু' ঈদে সওম ভঙ্গ না করা এবং তাশরীকের দিনগুলোতে সওম ভঙ্গ না করা এবং একদিন বিরতি দিয়ে সওম করার ফযীলত।

النهى عن صوم الدهر لمن تضرر به، أو فوت به حقا أو لم يفطر العيدين والتشريق، وبيان تفضيل صوم يوم وإفطار يوم

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ عَمْرِو، قَالَ: أُخْبِرَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنِي أَقُولُ، وَاللهِ لَأُصتُومَنَّ النَّهَارَ وَلأَقُومَنَّ اللَّيْلَ مَا عِشْتُ؛ فَقُلْتُ لَهُ: قَدْ قُلْتُهُ، بِأَبِي أَنْتَ وَأُمِّي قَالَ: فَإِنَّكَ لأَصنَوْمَنَّ النَّهَارِ وَلأَقُومَنَّ اللَّيْل مَا عِشْدِ لاَ تَسْتَطِيع ذلِكَ، فَصنُمْ وَأَفْطِرْ، وَقُمْ وَنَمْ، وَصنُمْ مِنَ الشَّهْرِ ثَلاَثَةَ أَيَّامٍ، فَإِنَّ الْحَسنَةَ بِعَشْرِ أَمْثَالِهَا، وَذلِكَ مِثْلُ صِيامِ الدَّهْرِ قُلْتُ: إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذلِكَ قَالَ: فَصنُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا، فَذلِكَ صِيامُ دَاوُدَ يَوْمَيْنِ قُلْتُ: إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذلِكَ قَالَ: فَصنُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا، فَذلِكَ صِيامُ دَاوُدَ عَلَيْهِ السَّلاَمُ، وَهُو أَفْضَلَ الصييامُ فَقُلْتُ: إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذلِكَ فَقَالَ النَّبِيُّ صلَلًى عَلْهُ وَسَلَّمَ، لاَ أَفْضَلَ مِنْ ذلِكَ قَالَ النَّبِيُّ صلَلًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، لاَ أَفْضَلَ مِنْ ذلِكَ

বাংলা

৭১৪. 'আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আমার সম্পর্কে এ কথা পৌছে যায় যে, আমি বলেছি, আল্লাহর কসম, আমি যতদিন বেঁচে থাকব ততদিন সওম পালন করব এবং রাতভর সালাত আদায় করব। তিনি আমাকে জিজ্ঞেস করায় আমি বললাম, আপনার উপর আমার পিতা-মাতা কুরবান হোন! আমি এ কথা বলেছি। তিনি বললেনঃ তুমি তো এরূপ করতে সক্ষম হবে না। বরং তুমি সওম পালন কর ও ছেড়েও দাও, (রাতে) সালাত আদায় কর ও নিদ্রাও যাও। তুমি মাসে তিন দিন করে সওম পালন কর, কারণ নেক কাজের ফল তার দশগুণ; এভাবেই সারা বছরের সওম পালন হয়ে যাবে। আমি বললাম, আমি এর থেকে বেশি করার সামর্থ্য রাখি। তিনি বললেনঃ তাহলে একদিন সওম পালন কর এবং দু'দিন ছেড়ে দাও। আমি বললাম, আমি এর হতে বেশি করার শক্তি রাখি। তিনি বললেনঃ তাহলে একদিন সওম পালন কর আর একদিন ছেড়ে দাও। এ হল দাউদ (আঃ)-এর সওম এবং এ হল সর্বোত্তম (সওম)। আমি



বললাম, আমি এর চেয়ে বেশি করার সামর্থ্য রাখি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এর চেয়ে উত্তম সওম (রাখার পদ্ধতি) আর নেই।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩০: সওম, অধ্যায় ৫৬, হাঃ ১৯৭৬; মুসলিম, পর্ব ১৩: সওম, অধ্যায় ৩৫, হাঃ ১১৫৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন